দৈনিক ইনকিলাব ৪৫

তারিখ: 08 NOV 1998
পৃঃ ৩ কলাম ৬

# অবক্ষয় রোধে অধ্যাপক বি. করিমের মত লোকের বড়ই প্রয়োজন

## —ঢাকা ভার্সিটি ভিসি

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয় মৃত্তিকা বিজ্ঞান বিভাগের উদ্যোগে বিভাগীয় সেমিনার কক্ষে বিভাগের প্রাক্তন প্রবীণ শিক্ষক অধ্যাপক একিউএম বি. করিমের স্মরণে এক শোকসভা অনুষ্ঠিত হয়। বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক শফিউর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এ কে আজাদ চৌধুরী এবং অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জীববিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক মোঃ সিরাজুল ইসলাম খান, ডঃ আমিরুল ইসলাম, অধ্যাপক জিয়াউদ্দিন আহমেদ, অধ্যাপক মোহাম্মদ সুলতান হোসেন, অধ্যাপক সৈয়দ ফজলে এলাহী, ডঃ দিদার-উল-আলম, অধ্যাপক এসএমএ ফায়েজ, ডঃ এসএম হাসান, জনাব রেজাউর রহমান এবং ডঃ মোঃ আখতার হোসেন খান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অধ্যাপক এসএম ইমামুল হক।

ভিসি অধ্যাপক এ কে আজাদ চৌধুরী তাঁর ভাষণে ডঃ বি. করিমের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, অধ্যাপক বি. করিম উদারতা, সততা, মমত্ববোধ ও নিষ্ঠার সাথে সারা জীবন শিক্ষা বিস্তারে কাজ করে গেছেন। তিনি বলেন, নিবেদিত প্রাণ এই অধ্যাপক ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির প্রাক্তন সভাপতি হিসেবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমাজের মান-মর্যাদা বৃদ্ধির ক্ষেত্রেও যথেষ্ট অবদান রেখে গেছেন।

ভিসি অধ্যাপক চৌধুরী আরোও বলেন, সমাজের অবক্ষয়, হানাহানি ও অস্থিরতা রোধে আজ আমাদের অধ্যাপক বি. করিমের মত লোকের বড়ই প্রয়োজন।